দৈনিক ইত্তেফাক

তারিখ 19 NOV 1988
পৃষ্ঠা ... ৫ কলাম ৫ ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

144

# এম এ শেষ পর্বে ভর্তি প্রসঙ্গে—

(বিশ্ববিদ্যালয় রিপোর্ট)

শেষ পর্ব মাস্টার্স শ্রেণীতে ভর্তি প্রসঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এক ব্যাখ্যায় বলিয়াছেন, পদার্থবিদ্যা ও পরিসংখ্যানে ১৯৮৫ সনের সম্মান পরীক্ষায় উত্তীর্ণ কতিপয় ছাত্র—যাহারা আইনতঃ কোন প্রতিষ্ঠানের ছাত্র নয়—পদার্থ বিদ্যায় শেষ পর্বে ভর্তির দাবীতে অযৌক্তিকভাবে অনশনের পথ বাছিয়া নিয়াছে।

ঢাকা কলেজ ও জগন্নাথ কলেজে পদার্থ বিদ্যায় মাষ্টার্স কোর্স খোলার উল্লেখ করিয়া ব্যাখ্যায় অনশন প্রত্যাহারে এবং স্ব স্ব কলেজে পদার্থবিদ্যা ও পরিসংখ্যানে ভর্তি হইতে সংশ্লিষ্ট ছাত্রদের উপর প্রভাব বিস্তারের জন্য অভিভাবকদের প্রতি আবেদন জানানো হইয়াছে।